# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.05.2024          Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ চতুর্থ দফা লোকসভা নির্বাচনে আজ রাজ্যের ৮'টি আসনে ভোট গ্রহণ শুরু হয়েছে। # অবাধ ও শান্তিপূর্ণ ভোটের জন্য নির্বাচন কমিশন সবরকম ব্যবস্থা নিয়েছে।

২/ রাজ্যের সপ্তম দফার নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিন আগামীকাল। # ২০০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী থাকছে এই দফায়।

৩/ রাজ্যে নির্বাচনী প্রচারে এসে সন্দেশখালি নিয়ে তৃণমূল কংগ্রেসের কড়া সমালোচনা করেছেন বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
# বিজেপি টাকা খরচ করে রাজ্যের বদনাম করছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্বাচনী প্রচারে মন্তব্য করেছেন।

৪/ জোড়া ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের প্রায় সর্বত্রই আজ'ও ঝড়-বৃষ্টির পূর্বাভাস।

৫/ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ গুজরাট টাইটান্সের মুখোমুখি হচ্ছে।

***************************************************************

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় আজ পশ্চিমবঙ্গের ৮'টি সহ দেশের মোট ১০টি রাজ্যের ৯৬ টি আসনে ভোট গ্রহণ শুরু হয়েছে, চলবে সন্ধ্যে ৬'টা পর্যন্ত। এই দফায় বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, বোলপুর, বীরভূম, বর্ধমান-পূর্ব, বর্ধমান-দুর্গাপুর ও আসানসোল আসনে মতাধিকার প্রয়োগ করছেন ভোটাররা।

চতুর্থ দফাতেও ভোট গ্রহণ নির্বিঘ্ন ও শান্তিপূর্ণ রাখতে নির্বাচন কমিশন কঠোর নিরাপত্তার ব্যবস্থা করেছে। মোতায়েন রয়েছে ৫৯৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। ১৪৮ টি কুইক রেসপন্স টিম কাজ করছে। ওয়েব কাস্টিং-এর ব্যবস্থা রয়েছে ১০০ শতাংশ বুথেই, রয়েছে হেভি রেডিও ফ্লাইং স্কোয়াড।

মুর্শিদাবাদের বহরমপুর আসনে সবচেয়ে বেশি ১৫ জন প্রার্থী রয়েছেন। আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুখ জানাচ্ছেন-

(ভয়েস কাস্ট - মামুন )

ইতোমধ্যেই বেশ কয়েকটি বুথে অশান্তির অভিযোগ উঠেছে। পোলিং এজেন্টদের বসতে না দেওয়ার অভিযোগ তুলেছে তৃণমূল ও বিজেপি।

নদীয়া জেলার রানাঘাট এবং কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রে চলছে ভোটগ্রহণ। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- নদীয়া)

৭ জন করে প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন বর্ধমান-পূর্ব এবং আসানসোল আসনে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- তনুশ্রী )

বীরভূম জেলার বোলপুর লোকসভা আসনেও সকাল থেকেই ভোটারদের মধ্যে উৎসাহ উদ্দীপনা চোখে পড়ছে। বিভিন্ন ভোটগ্রহন কেন্দ্রের সামনে রয়েছে লম্বা লাইন। বীরভূম থেকে আমাদের সংবাদদাতা জানালেন-

(ভিসি- চন্দ্রনাথ )

বীরভূম লোকসভা কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন-

( ভিসি- বীরভূম )

********************

আগের তিন দফার মতো চতুর্থ দফা ১৩ই মে ভোটের দিনও আকাশবাণী কলকাতার কয়েকটি সংবাদের সময়সীমা বাড়ছে।

দুপুর ১-৪০ এর স্থানীয় সংবাদ ও বিকেল ৫-১০ এর খবর হবে ১০ মিনিটের এবং সন্ধ্যে ৭-৫০ এর স্থানীয় সংবাদ ১৫ মিনিটের।

********************

রাজ্যের ৮-টি আসনের ভোটপর্ব নিয়ে শুনবেন সংবাদবিভাগের বিশেষ আলোচনা–

"জনমত–২০২৪, চতুর্থ দফার ভোট"।

আলোচনায় অংশ নেবেন রাজনৈতিক বিশ্লেষক বিশ্বনাথ চক্রবর্তী এবং সাংবাদিক সুমন ভট্টাচার্য। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮-টা ৫ থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস্ প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

********************

চতুর্থ দফার নির্বাচনে যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনার অভিযোগ জানাতে বিজেপি দলের তরফে একটি হেল্পলাইন নম্বর চালু করেছে।
এই হেল্পলাইন নম্বরে দলীয় কর্মী এবং সাধারণ মানুষ অভিযোগ জানাতে পারবেন।
হেল্পলাইন নম্বরটি হল ০৮০৬২-৩৪৮৪৩০।

********************

রাজ্যে সপ্তম দফার লোকসভা নির্বাচনের জন্য আগামীকাল মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন। এই দফায় রাজ্যের ৯ আসনে ভোটগ্রহন। এগুলি হলো- দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, কলকাতা উত্তর ও দক্ষিণ, এবং যাদবপুর। ১৫ তারিখ জমা পড়া মনোনয়ন পত্র গুলি পরীক্ষা করে দেখা হবে। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ১৭ই মে। দেশের ৮টি রাজ্যের ৫৭ লোকসভা আসনেও ভোটগ্রহন হবে ১ লা জুন।

সপ্তম দফার নির্বাচনে কলকাতা পুলিশের অধীনে পাঁচটি লোকসভা কেন্দ্রের নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ রাখতে ২০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হবে। থাকছে কয়েক হাজার রাজ্য পুলিশ কর্মীও । পঞ্চম দফা নির্বাচনের পর থেকেই ধাপে

ধাপে এই বাহিনী কলকাতা পুলিশের বিভিন্ন এলাকায় এসে পৌঁছবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে।

********************

রাজ্যে লোকসভা নির্বাচনের পরবর্তী দফাগুলির জন্য জমে উঠেছে নির্বাচনী প্রচার। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দলীয় প্রার্থীদের সমর্থনে জগদ্দল, চুঁচুড়া, পুড়শুড়া এবং সাঁকরাইলে চারটি জনসভা করেন। সভা মঞ্চ থেকে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের তীব্র সমালোচনা করেছেন তিনি। সন্দেশখালির ঘটনাকে সারা দেশের সামনে লজ্জার বলে উল্লেখ করে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে মহিলারা অত্যাচারিত।

( বাইট- মোদী )

CAA নিয়ে রাজ্যের শাসক দল মানুষকে ভুল বোঝাচ্ছে বলেও প্রধানমন্ত্রী অভিযোগ করেন। দুর্নীতি নিয়ে ইন্ডি জোটের দলগুলিরও কড়া সমালোচনা করেন তিনি। তিনি বলেন 'বিকশিত ভারতের প্রতিশ্রুতি একমাত্র বিজেপি'ই পূরণ করতে পারে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল ব্যারাকপুর লোকসভার আমডাঙা এবং হাওড়ার উলুবেড়িয়ায় দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি প্রচার সভাতেই বিজেপিকে তীব্র আক্রমণ করেন। সন্দেশখালিতে টাকা খরচ করে বিজেপি রাজ্যকে বদনাম করছে বলে তিনি মন্তব্য করেছেন।

(বাইট- মমতা )

বাংলায় কোনভাবেই CAA/NRC করতে দেওয়া হবে না বলেও স্পষ্ট ভাষায় উল্লেখ করেন তিনি।

রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম আজ আরামবাগ লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখবেন।

পুরুলিয়ায় গতকাল দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি পুরুলিয়ায় একটি রোড-শো'ও করেন।

২০২৬ এর বিধানসভা নির্বাচন পর্যন্ত তৃণমূল কংগ্রেস সরকার টিঁকবে না বলে CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সূর্যকান্ত মিশ্র মন্তব্য করেছেন। হুগলী লোকসভা কেন্দ্রের বামফ্রন্ট প্রার্থীর সমর্থনে গতকাল পান্ডুয়ায় প্রচারে গিয়ে তিনি তৃণমূল-বিজেপি আঁতাতের অভিযোগ তোলেন।

*******************

ভোট গ্রহণের আগের রাতে পূর্ব বর্ধমানের কেতুগ্রামের আনখোনা পঞ্চায়েতের চেচুরি গ্রামে এক তৃণমূল কংগ্রেস কর্মীকে বোমা মেরে, কুপিয়ে খুনের অভিযোগ উঠেছে CPIM-এর বিরুদ্ধে। মিন্টু শেখ নামে বছর ৪৫-এর ওই ব্যক্তি সুদিপুর গ্রামে নির্বাচনী কাজে গিয়েছিলেন। বাড়ি ফেরার পথে তাঁর ওপর হামলা চালানো হয় বলে তৃণমূল কংগ্রেসের দাবী।

স্থানীয় CPIM নেতৃত্ব অবশ্য অভিযোগ অস্বীকার করেছে। এই এলাকাটি বোলপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত।

*******************

ভুয়ো ভিডিও বানিয়ে বিজেপি নেতাদের কালিমালিপ্ত করা এবং দলের নেতাদের মিথ্যা মামলায় ফাঁসানোর অভিযোগ তুলে বিজেপির স্থানীয় নেতৃত্ব গতকাল সন্দেশখালি থানায় ব্যপক বিক্ষোভ দেখায়। বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র, দলের নেত্রী অর্চনা মজুমদার ও স্থানীয় মহিলাদের একাংশ সন্দেশখালি বিক্ষোভে অংশ নেন।

বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের বচসা শুরু হয়। বিক্ষোভ চলাকালীন হঠাৎই স্থানীয় মহিলারা তৃণমূল কংগ্রেস নেতা দিলীপ মল্লিকের বাড়ির দিকে ছুটে যান। সে সময় ঐ বাড়িতে সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতো উপস্থিত ছিলেন বলে জানা গেছে। উত্তেজিত মহিলারা সেখানে গিয়ে দিলীপ মল্লিক ও তার ঘনিষ্ঠ তাতাই গাইনকে মারধোর করে বলে অভিযোগ। পরে পুলিশ ঐ দুজনকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। দু-পক্ষই একে অপরের বিরুদ্ধে হামলা, মারধোরের অভিযোগ দায়ের করেছে।

*******************

জোড়া ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন বজ্র বিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের পাঁচ জেলাতেও ঝড়-বৃষ্টির পূর্ভাভাস রয়েছে। ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে বয়ে যাবে ঝোড়ো হাওয়া।

কলকাতায় গতকাল সর্ব্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩২ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৩'ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রাও স্বাভাবিকের চেয়ে সামান্য কমে ২৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে দাঁড়িয়েছে।

*******************

IPL ক্রিকেটে আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে আজ কলকাতা নাইটরাইডার্স, গুজরাট টাইটান্স-এর মুখোমুখি হচ্ছে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১২ ম্যাচ খেলে ৯ টিতে জিতে কলকাতা ইতোমধ্যেই 'প্লে অফে' খেলা নিশ্চিত করেছে। অষ্টম স্থানে রয়েছে গুজরাট।

*****************************************************************